গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
কল্যাণ শাখা
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০২৪.১১.০০১.১৯. ৮২৫ তারিখ : ২৫/০৯/২০১৯ খ্রিঃ।

**বিষয় : বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি) ২০২০, নির্বাচন সংক্রান্ত বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোডকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি) নীতিমালা ২০১৮ অনুযায়ী ২০২০ সালের জন্য সিআইপি (এনআরবি) নির্বাচনের লক্ষ্যে (সংযুক্ত বিজ্ঞপ্তিটি) আগামী ২৯ সেপ্টেম্বর, ২০১৯ তারিখের মধ্যে স্ব-স্ব দপ্তরের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি: বিজ্ঞপ্তির কপি ০১ (এক) ফর্দ।

২৫/০৯/১৯
(কাঞ্চন বিকাশ দত্ত )
সহকারী সচিব
ফোন-৪১০৩০২৬২
ইমেইলঃ kanchonbikash@gmail.com

১। মহাপরিচালক
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২, কাকরাইল, ঢাকা।

২। মহাপরিচালক
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০২। অতিরিক্ত সচিব (অভিবাসী কল্যাণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
কল্যাণ শাখা
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০২৪.১১.০০১.১৯.৮-২৬ তারিখ: ২৫/০৯/২০১৯ খ্রিঃ।

# বিজ্ঞপ্তি

এতদ্বারা বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি) নির্বাচন নীতিমালা, ২০১৮ অনুযায়ী নিম্নবর্ণিত তিনটি ক্যাটাগরিতে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি), ২০২০ নির্বাচনের লক্ষ্যে আগ্রহী ও যোগ্যতাসম্পন্ন সকল অনিবাসী বাংলাদেশির নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্র:/নং | ক্যাটাগরি | সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | সিআইপি (এনআরবি) [বাংলাদেশে শিল্পক্ষেত্রে সরাসরি বিনিয়োগকারী] : | সর্বোচ্চ ০৫ জন | (ক) ২০১৮-২০১৯ অর্থবছরে বাংলাদেশের শিল্পখাতে মূলধন হিসাবে ৩,০০,০০০ (তিন) লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ বা তদূর্ধ্ব পরিমাণ বৈদেশিক মুদ্রা সরাসরি বিনিয়োগ ; (খ) শিল্প প্রতিষ্ঠানটি বাস্তবায়নাধীন হলে যন্ত্রপাতি আমদানির প্রমাণপত্র, যেমন-বিল অব লেডিং, বিল অব এন্ট্রি, লেটার অব ক্রেডিট ইত্যাদিতে উল্লিখিত পরিমাণ বৈদেশিক মুদ্রার লেনদেন। |
| ২। | সিআইপি (এনআরবি) [বাংলাদেশে বৈধ চ্যানেলে সর্বাধিক বৈদেশিক মুদ্রা প্রেরণকারী]: | সর্বোচ্চ ৭৫ জন | ২০১৮-২০১৯ অর্থবছরে অপ্রত্যাবাসনযোগ্য ন্যূনতম ১,০০,০০০ (এক লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা ব্যাংকসহ অন্যান্য বৈধ চ্যানেলে বাংলাদেশে প্রেরণ। |
| ৩। | সিআইপি (এনআরবি) [বিদেশে বাংলাদেশি পণ্যের আমদানিকারক] : | সর্বোচ্চ ১০ জন | (ক) ২০১৮-২০১৯ অর্থবছরে বাংলাদেশ হতে ন্যূনতম ৩,০০,০০০ (তিন লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রার (Free on Board (FOB) বাংলাদেশি পণ্য আমদানিকরণ; (খ) পিআরসি (Proceeds Realisation Certificate) এর মাধ্যমে আমদানির পরিমাণ; এবং (গ) অধিক মূল্য সংযোজন সম্পন্ন পণ্য (Higher Value Added Product) ও পণ্য আমদানিকারককে অগ্রাধিকার প্রদান করা হবে। |

শর্তাবলীঃ

১। আগামী ২৯ সেপ্টেম্বর হতে ২৯ নভেম্বর, ২০১৯ তারিখের মধ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.probashi.gov.bd) এর মাধ্যমে অনলাইন-এ অথবা **ক্যাটাগরি** ভিত্তিক নির্ধারিত আবেদন ফরম পূরণপূর্বক ০২ সেট অফেরতযোগ্য আবেদন (প্রয়োজনীয় সকল তথ্যের প্রমানকসহ) সরাসরি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থাণ মন্ত্রণালয়ে অথবা বিদেশে অবস্থিত সংশ্লিষ্ট বাংলাদেশ মিশনে আবেদন করতে হবে।

২। আবেদনপত্রের সাথে আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি ছবি, TIN সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি (বিদেশে বাংলাদেশি পণ্যের আমদানিকারক ক্যাটাগরি ব্যতিত), পাসপোর্টের ফটোকপি, বিদেশে অবস্থানের প্রমাণক, বাংলাদেশের স্থায়ী ঠিকানা, বিদেশে অবস্থানের এবং কর্মস্থলের ঠিকানা, ই-মেইল ও মোবাইল নম্বর সংযুক্ত করতে হবে।

৩। অনুচ্ছেদ-২ এ চাহিত তথ্যাদি/কাগজপত্রাদিসহ আবেদনকারীকে প্রতিটি **ক্যাটাগরিতে** আবেদনের সাথে নিম্নোক্ত প্রয়োজনীয় সকল প্রমাণক দাখিল করতে হবে :

### ক) ক্যাটাগরি-১: সিআইপি (এনআরবি) [বাংলাদেশে শিল্পক্ষেত্রে সরাসরি বিনিয়োগকারী] :

১. ২০১৮-১৯ অর্থবছরে (জুলাই ২০১৮-জুন ২০১৯) বাংলাদেশে শিল্পখাতে মূলধন হিসেবে ৩,০০,০০০ (তিন) লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ বা তদূর্ধ্ব পরিমাণ বৈদেশিক মুদ্রা বিনিয়োগের প্রমাণক;

২ . উল্লিখিত পরিমাণ বৈদেশিক মুদ্রা লেনদেনের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট দেশের এবং বাংলাদেশ ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র;

৩. শিল্প প্রতিষ্ঠানটি বাস্তবায়নাধীন হলে যন্ত্রপাতি প্রেরণে উল্লিখিত পরিমাণ বৈদেশিক মুদ্রা লেনদেনের প্রমাণক যেমন-বিল অব লেডিং, বিল অব এন্ট্রি, লেটার অব ক্রেডিট ইত্যাদির সত্যায়িত কপি।

### খ) ক্যাটাগরি -২: সিআইপি (এনআরবি) [বাংলাদেশে বৈধ চ্যানেলে সর্বাধিক বৈদেশিক মুদ্রা প্রেরণকারী] :

২০১৮-১৯ অর্থবছরে (জুলাই ২০১৮-জুন ২০১৯) ব্যাংকসহ অন্যান্য বৈধ চ্যানেলে ন্যূনতম ১,০০,০০০ (এক লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা প্রেরণের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট দেশের এবং বাংলাদেশের ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র।

### গ) ক্যাটাগরি -৩: সিআইপি (এনআরবি) [বিদেশে বাংলাদেশি পণ্যের আমদানিকারক] :

১.আমদানিকৃত পণ্যের বিবরণ উল্লেখসহ ২০১৮-১৯ অর্থবছরে (জুলাই ২০১৮-জুন ২০১৯) বাংলাদেশ হতে ন্যূনতম ৩,০০,০০০ (তিন) লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা মূল্যমানের পণ্য আমাদানির প্রমাণক;

২. যে প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের অনুকূলে বাংলাদেশ হতে পণ্য আমদানি করা হয়েছে সে প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের মালিকানা সংক্রান্ত কাগজপত্র এবং উক্ত প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহে আবেদনকারীর সম্পৃক্ততা;

৩.উল্লিখিত পরিমাণ বৈদেশিক মুদ্রা লেনদেনের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট দেশের এবং বাংলাদেশের ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র;

৪. সংশ্লিষ্ট অর্থবছরের কর প্রদানের (বর্তমানে অবস্থানকারী দেশে) প্রমাণক: এবং

৫. অধিক মূল্য সংযোজন সম্পন্ন পণ্য (Higher Value Added Product) আমদানির প্রমাণক (প্রযোজ্য ক্ষেত্রে):

৪। অনলাইনে আবেদন ফরম পূরণের জন্য www.probashi.gov.bd ওয়েব সাইটে প্রবেশ করে প্রয়োজনীয় নির্দেশনা অনুযায়ী আবেদনপত্র পূরণ ও জমা প্রদান করতে হবে।

৫। ক্যাটাগরিভিত্তিক আবেদনের নির্ধারিত ফরম এবং বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি) নীতিমালা-২০১৮ এর কপি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.probashi.gov.bd এ পাওয়া যাবে।

৬। নির্ধারিত সময় (২৯ নভেম্বর, ২০১৯ তারিখ) এর পর দাখিলকৃত আবেদন বাতিল বলে বিবেচিত হবে।

৭। অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৮। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন আবেদন কিংবা এতদ্‌সংক্রান্ত সকল কার্যক্রম বাতিল/স্থগিত করার অধিকার সংরক্ষণ করেন।

২৫.০৯.২০১৯

(কাঞ্চন বিকাশ দত্ত)
সহকারী সচিব
ফোন-৪৯৩৫৭১১৮
ই-মেইলঃ kanchonbikash@gmail.com